# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।

ওয়েব : sadar.sunamganj.gov.bd

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ খায়রুল হুদা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

তারিখ : ১৬ জুলাই ২০২৪ খ্রি.।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সময় : দুপুর ০২:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগনকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান খাইমতের থেকে গোদারগাঁও রাস্তাটি বন্যায় ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হলে এলজিইডি কর্তৃক একজন ঠিকাদার নিয়োগ করে রাস্তাটি মেরামত এর কাজ শুরু করা হয়েছে। বন্যায় প্রতিটি ইউনিয়নের রাস্তা, ঘাট, ব্রীজ ও কালভার্ট এর ক্ষয়ক্ষতির পরিমাণ নিরুপন করে ছবিসহ তালিকা দ্রুত জমা প্রদানের জন্য তিনি সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া উপজেলা পরিষদের নিরাপত্তা বৃদ্ধির জন্য নতুন ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় ও স্থাপন বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা, অফিস সরঞ্জামাদি ক্রয় বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ও বন্যায় ক্ষতিগ্রস্থ অফিসার্স কোয়ার্টার মেরামত বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। | আলোচনান্তে বন্যায় প্রতিটি ইউনিয়নের রাস্তা, ঘাট, ব্রীজ ও কালভার্ট এর ক্ষয়ক্ষতির পরিমান নিরুপন করে ছবিসহ তালিকা দ্রুত জমা প্রদানের জন্য তিনি সকল ইউ/পি চেয়ারম্যানগনকে অনুরোধ জানানো হয়। তাছাড়া উপজেলা পরিষদের নিরাপত্তা বৃদ্ধির জন্য নতুন ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা, অফিস সরঞ্জামাদি ক্রয় বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ও অফিসার্স কোয়ার্টার মেরামত বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং উক্ত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| ২. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলায় খরিফ-২ মৌসুমে কৃষি প্রনোদনা ও পুনর্বাসন কর্মসূচীর আওতায় ১৩০০ জন বন্যায় ক্ষতিগ্রস্ত এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে রোপা আমন ধানের বীজ ও রাসায়নিক সার বিতরন সম্পন্ন করা হয়েছে। এছাড়া রোপা আমন ধানের বীজতলা তৈরী করার জন্য কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে। পরবর্তীতে আর বন্যা না হলে রোপা আমন ধানের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। এছাড়া কৃষি | আলোচনান্তে রোপা আমন ধানের বীজতলা তৈরীর বিষয়ে কৃষকদের পরামর্শ প্রদানের লক্ষ্যে নিয়মিত মনিটরিং বজায় রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান বন্যাদুর্গতদের সেবা দেয়ার জন্য ৯টি ইউনিয়নে ৯টি মেডিকেল টিম কর্মরত আছে। এছাড়াও যদি কোন স্থানে বেশি রোগ এর প্রদুর্ভাব দেখা যায় তাহলে আলাদা করে মেডিকেল টিম এর মাধ্যমে সেবা দেয়া হবে। EPI কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত আছে। যদি কোন বাচ্চা বন্যার কারণে টিকা না পায় তাদের টিকা দেয়ার আওতায় আনা হচ্ছে। তিনি আরও জানান কমিউনিটি ক্লিনিকগুলোতে পর্যাপ্ত ঔষধ মজুদ আছে এবং CHCP দের মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। করোনা ভাইরাস টিকার সংকট থাকায় বর্তমানে দেশব্যাপী টিকা প্রদান কার্যক্রম বন্ধ রয়েছে। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে বন্যাদুর্গতদের সেবা দেয়ার জন্য মেডিকেল টিম সঠিকভাবে কাজ করছে কি না তা মনিটরিং করার জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং পুষ্টি সেবা কার্যক্রমে সুনামগঞ্জ সদর উপজেলা জেলা পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জন করায় উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। জুন/২০২৪ মাসের রিপোর্ট অনুযায়ী সুনামগঞ্জ সদর উপজেলায় মোট সক্ষম দম্পতি:৪৪,৮৬২ জন, মোট পদ্ধতি গ্রহিতা:৩৩,২৬৫ জন, গ্রহণকারীর হার:৭৪.১৫%, মোট গর্ভবতী:২৫৯০ জন। আশ্রয়ন প্রকল্পে মোট জনসংখ্যা:৩০৪৪ জন, সক্ষম দম্পতি:৫৫০ জন, গ্রহণকারীর সংখ্যা:৪০১ জন এবং গুচ্ছগ্রামে মোট জনসংখ্যা:১৩৭০ জন, সক্ষম দম্পতি: ২৩৮ জন। এছাড়া পরিবার পরিকল্পনা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং পুষ্টি সেবা কার্যক্রমে সুনামগঞ্জ সদর উপজেলা জেলা পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জন করায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৫. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান বন্যা পরবর্তী সময়ে বিদ্যালয়সমূহে বর্তমানে পাঠদান কার্যক্রম পুরোদমে চলতেছে। শিক্ষার্থী উপস্থিতি বাড়াতে শ্রেণি ভিত্তিক মা সমাবেশ/অভিভাবক সমাবেশের পরামর্শ দেয়া হয়েছে। বিদ্যালয়সমূহে শিখন ঘাটতি নিরুপনের জন্য বেইজলাইন সার্ভে করে তথ্য সংগ্রহ এবং শিখন ঘাটতি দুরকরনে সুনিদিষ্ট কিছু পদক্ষেপ গ্রহনের জন্য শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। উপজেলা পর্যায়ের বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ফুটবল টুর্নামেন্ট-২০২৪ আগামী ১৮ ও ২০ জুলাই তারিখ অনুষ্ঠিত হবে। এছাড়া প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ফুটবল টুর্নামেন্ট-২০২৪ এর সফলতা কামনা করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ৬. | উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ আগামী ৩০ জুলাই হতে ০৫ আগস্ট ২০২৪ তারিখ পর্যন্ত ৭ দিন ব্যাপী বিভিন্ন | আলোচনান্তে সকল ইউ/পি চেয়ারম্যানগণকে ইতোমধ্যে প্রেরিত জেলেদের তালিকা যাচাই | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | কর্মসূচীর মাধ্যমে পালিত হবে। কর্মসূচীতে সকলকে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহনের জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরও জানান মা মাছ ও পোনা নিধন কার্যক্রম বন্ধে প্রতিনিয়ত অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। এছাড়া সকল ইউ/পি চেয়ারম্যানগণকে ইতোমধ্যে প্রেরিত জেলেদের তালিকা যাচাই বাছাই করে অতি দ্রুত অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ জানান। এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বাছাই করে অতি দ্রুত প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়। | ও<br>চেয়ারম্যান (সকল)<br>ইউ/পি<br>সুনামগঞ্জ সদর। |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান বিগত ৯ জুলাই ২০২৪ তারিখ সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির জীবন মান উন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৬ জন হাঁস পালনকারী, ৩৬ জন মুরগী পালনকারী ও ৭ জন গরু হৃষ্টপুষ্ট করন সুফলভোগীদের মধ্যে ১৪৭৮ কেজি হাঁস-মুরগীর খাবার ও গো-খাদ্য বিতরন করা হয়েছে। তাছাড়া গত ১৫ জুলাই ২০২৪ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সুনামগঞ্জ সদর থেকে বরাদ্দ প্রাপ্ত ৮০ হাজার টাকা দিয়ে ১৬৬০ কেজি গো-খাদ্য ১৬৬ জন বন্যা দুর্গত গবাদি পশু পালনকারীদের মধ্যে বিতরন করা হয়েছে। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর |
| ৮. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদর সভায় জানান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের অনুকূলে ৫৪টি সাবমার্সিবলযুক্ত গভীর নলকূপ স্থাপনের বরাদ্দ পাওয়া গিয়েছে। বিধি মোতাবেক দ্রুত নলকূপ স্থাপনের তালিকা তৈরী করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। তিনি আরও জানান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের ১১৭টি সাবমার্সিবলযুক্ত গভীর নলকূপ স্থাপনের মধ্যে ১১৫টি নলকূপ স্থাপন হয়েছে এবং ১০৯টি নলকূপের পাঠাতন পাকাকরণ কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরে ৫৪টি সাবমার্সিবলযুক্ত গভীর নলকূপ স্থাপনের স্থান নির্ধারনপূর্বক তালিকা দ্রুত জমা প্রদানের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয় এবং অবশিষ্ট নলকূপ স্থাপন ও পাঠাতন পাকাকরণ কাজ দ্রুত সমাপ্ত করার জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল)<br>ইউ/পি<br>সুনামগঞ্জ সদর। |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের টি.আর ও কাবিটার বরাদ্দ এখনো পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া মাত্রই ইউনিয়নওয়ারী বিভাজন করা হবে। ২০২৪ সালে এখন পর্যন্ত দুই থেকে তিন বার বন্যা হওয়ায় ইউনিয়নের অনেক মাটির রাস্তা ক্ষতিগ্রস্থ হয়েছে। উক্ত রাস্তাগুলি তালিকা করে বরাদ্দ প্রাপ্ত টি.আর ও কাবিটা দিয়ে কাজগুলি করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। যে সকল কাজ দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন সেগুলির কাজ শুরু করার জন্য ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। পরবর্তীতে | আলোচনান্তে দুই থেকে তিন বারের বন্যায় যে সকল ইউনিয়নের মাটির রাস্তা ক্ষতিগ্রস্থ হয়েছে সেই রাস্তাগুলির তালিকা করে দ্রুত কাজ বাস্তবায়ন করার জন্য ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় এবং পরবর্তীতে টি.আর ও কাবিটার বরাদ্দের সাথে উক্ত কাজের সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল)<br>ইউ/পি<br>সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | টি.আর ও কাবিটার বরাদ্দ আসলে সমন্বয় করা হবে। বন্যার ত্রাণ বিতরণ সুষ্ঠুভাবে চলছে। যে সকল ইউ/পি চেয়ারম্যানগণ এখনও মাষ্টাররোল সমন্বয় করেননি তাদেরকে দ্রুত মাস্টাররোল জমা প্রদানের জন্য অনুরোধ জানান। এছাড়া প্রকল্প বাস্তবায়ন বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ১০. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরে ভাতাভোগীর পে-রোল এর কাজ আগামী সেপ্টেম্বর মাসে শুরু হবে। আগামী মাসে "ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত ৬টি রোগের ৫৯ জন আবেদনকারীর লাইভ ভেরিফিকেশন এর কাজ চলমান। নিবন্ধনকৃত ৩টি এতিমখানার মধ্যে ৮,১৬,০০০/- টাকার চেক বিতরণ করা হয়েছে। উপজেলা সমাজ কল্যান কমিটির মাধ্যমে যাচাইকৃত ৮৩ জন আবেদনকারীর মধ্যে ১,৪৬,০০০/- টাকা বিতরণ করা হচ্ছে। এছাড়া সমাজসেবা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান চলতি মাসে বিরআরডিবির আওতায় ক্ষুদ্র ঋণ বিবতণ হয়েছে ১৫,৫০,০০০/-(পনেরো লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ক্ষুদ্র ঋণ আদায় হয়েছে ১২,৩০,০০০/-(বারো লক্ষ ত্রিশ হাজার) টাকা এবং এসএমই ঋণ বিতরণ হয়েছে ৮,৫০,০০০/-(আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, এসএমই ঋণ আদায় হয়েছে ৬,৫০,০০০/-(ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। মোট ঋণ বিতরণ হয়েছে ২৪,০০,০০০/-(চব্বিশ লক্ষ) টাকার এবং আদায় হয়েছে ১৮,৮০,০০০/-(আটারো লক্ষ আশি হাজার) টাকা। তাছাড়া ৮০ জন সুফলভোগীকে হাঁস-মুরগী পালন বিষয়ে ২,৯৪,০০০/-(দুই লক্ষ চুরানব্বই হাজার) টাকার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১,৩৫,০০০/(এক লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকার ১০ টি সার্টিফিকেট মামলা নিষ্পত্তি করা হয়েছে। এছাড়া পল্লী উন্নয়ন বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১২. | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ সভায় জানান জেলা পর্যায়ে জীবীকায়নের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় জুলাই/২০২৪ হতে সেপ্টেম্ব/২০২৪ মাসের প্রশিক্ষনার্থীদের মৌখিক পরীক্ষা সম্পূর্ণ হয়েছে এবং তাদের প্রশিক্ষন চালু হয়েছে। এছাড়া মহিলা বিষয়ক অধিদপ্তর এর অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপ-পরিচালক মহিলা বিষয়ক, অধিদপ্তর, সুনামগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ। |
| ১৩. | সিনিয়র ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (SFDF) সুনামগঞ্জ সদর সভায় জানান ক্ষুদ্র ঋণ বিতরণ হয়েছে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ হয়েছে ১৭,৯০,০০০/-(সতেরো | এ ধারা অব্যাহত রাখার জন্য সিনিয়র ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | লক্ষ নব্বই হাজার) টাকা। মোট ঋণ বিতরণ হয়েছে ১৯,৯০,০০০/ (উনিশ লক্ষ নব্বই হাজার) টাকা। মূল ঋণ আদায় হয়েছে ৪,৩০,০০০/ (চার লক্ষ ত্রিশ হাজার) টাকা এবং মূল ঋণ উদ্যোক্তা ঋণ আদায় হয়েছে ১৬,৮৭,০০০/ (ষোলো লক্ষ সাতাশি হাজার) টাকা। মোট ঋণ আদায় হয়েছে ১৬,৮৭,০০০/ (ষোল লক্ষ সাতাশি হাজার) টাকা। এছাড়া আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে সুফলভোগীদের উদ্বুদ্ধ করে নতুন কর্মসংস্থানের চেষ্টা অব্যাহত রয়েছে। এছাড়া মূল কৃষক উন্নয়ন কার্যক্রম এবং অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ১৪. | উপজেলা শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের নভেম্বর মাসে ঋণ বিতরণ হয়েছে ৫০,০০,০০০/ (পঞ্চাশ লক্ষ) টাকা, ঋণ আদায় হয়েছে ৩০,০০,০০০/ (ত্রিশ লক্ষ) টাকা এবং সঞ্চয় আদায় হয়েছে ৩,৫০,০০০/ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। এছাড়া পল্লী সঞ্চয় ব্যাংক এর অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে পল্লী সঞ্চয় ব্যাংক এর সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত নিয়মিত যাচাই পূর্বক ঋণ বিতরণের প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদর। |
| ১৫. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান জেলা ভিত্তিক ও কারিগরি প্রশিক্ষণের আওতায় সর্বমোট সদর উপজেলা থেকে ০১ জন মোট প্রশিক্ষণার্থী মৌলিক প্রশিক্ষণে, ০২ জন টিম ও এসাইনমেন্ট মৌলিক প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রেরণ করা হয়েছে। ১৮ জুলাই ২০২৫ থেকে মৌলিক ইউ/বিপি ট্রেনিং সেন্টারে ১৫ দিন মেয়াদি প্রাথমিক মৌলিক প্রশিক্ষণ শুরু হয়েছে। সেখানে ৩২ জন পুরুষ ও ৩২ জন মহিলা মোট ৬৪ জন প্রশিক্ষণ গ্রহণ করবেন। এছাড়া আনসার ও ভিডিপি বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৬. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান বিগত মাসের মাসিক সভায় উপজেলা নির্বাহী অফিসারের পরিত্যক্ত বাসভবনের টেন্ডার প্রক্রিয়া সম্পাদনের জন্য এবং নতুন বাসভবনের সংশোধিত নকশা প্রণয়ন বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ করা হলেও এখন পর্যন্ত কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। | আলোচনান্তে আগামী সভায় উপজেলা নির্বাহী অফিসারের পরিত্যক্ত বাসভবনের টেন্ডার প্রক্রিয়া সম্পাদনের অগ্রগতি এবং নতুন বাসভবনের সংশোধিত নকশা প্রণয়ন বিষয়টি উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| | বিবিধ : উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান জুলাই/২০২৫ মাসে আপ্যায়ন বাবদ ৩৯,৯৫০/ (উনচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা, স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ ৭,৯৮০/ (সাত হাজার নয়শত আশি) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৪,৯৮০/ (চার হাজার নয়শত আশি) টাকা, পরিষদের ভাউচারের | আলোচনান্তে বর্ণিত খাতে ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | বাবদ ২,০০০/ (দুই হাজার) টাকার বিল পাওয়ার আবেদন পাওয়া যায়। তাছাড়া উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত বাবদ ৭৫,০০০/ (পঁচাত্তর হাজার) টাকা, উপজেলা পরিষদের ছায়াবিথী ভবনের পানির পাম্প মেরামত বাবদ ৩৫,৭৯০/ (পঁয়ত্রিশ হাজার সাতশত নব্বই) টাকা, উপজেলা পরিষদের পুকুরের আগাছা পরিষ্কার বাবদ ২৫,০০০/ (পঁচিশ হাজার) টাকা এবং ঈদ উল আযহায় উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য ০৪ জন ভিডিপি সদস্যদের সম্মানী বাবদ ১৮,০০০/ (আঠারো হাজার) টাকার বিল পাওয়ার আবেদন পাওয়া যায়। | | সদর, সুনামগঞ্জ |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল হুদা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬১৫৯১
ই-মেইল : chairmanupsadar@gmail.com
তারিখ : ১৬ জুলাই ২০২৪ খ্রি.

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১২০০(৫০)

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে ।

১। মাননীয়, সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। উপজেলা ............................ কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১। জনাব ........................ ইউ/পি সংরক্ষিত মহিলা সদস্য ও সদস্য উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। সহকারী প্রোগ্রামার, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, সুনামগঞ্জ।
১৩। অফিস কপি/মাস্টার ফাইল।

১৬/০৭/২৪
মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

Scanned with OKEN Scanner